মেহেরপুর জেলা প্রশাসনের চলমান কার্যক্রম ও কর্মপরিকল্পনা নিয়ে মতবিনিময় সভা

মেহেরপুর জেলা প্রশাসনের চলমান কার্যক্রম ও আগামী দিনের কর্মপরিকল্পনা সংক্রান্ত বিষয় নিয়ে গণমাধ্যমকর্মীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মতবিনিময় বক্তব্য রাখেন,জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চাদু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মুন্টু, সাবেক সভাপতি আলামিন হোসেন, বাংলা ভিশন টিভির স্টাফ রিপোর্টার তুহিন আরণ্য প্রমুখ।

এছাড়াও সাংবাদিক ফারুক মল্লিক, আবু আক্তার করন, ফারুক হোসেন, মেহের আমজাদ, দিলরুবা খাতুন সহ বিভিন্ন মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

দর্শনায় সাংবাদিক পিপুলকে মোবাইল ফোনে হুমকি ॥ থানায় জিডি

দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলকে মোবাইল ফোনে হুমকি দিয়েছে অজ্ঞাত সন্ত্রাসীরা। এ ঘটনায় প্রেসক্লাবে জরুরী বৈঠকে সিদ্ধান্ত মোতাবেক থানায় জিডি করা হয়েছে।

মাই টিভি জেলা প্রতিনিধি ও দৈনিক যুগান্তরের পত্রিকার দামুড়হুদা উপজেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুলকে সোমবার বিকাল ৩ টার দিকে তার ব্যবহৃত মোবাইল ফোনে অজ্ঞাত ¯স্হান থেকে ০১৮৭৮-০৫৪৪৮৭ কল

দেয়। পিপুল কিছু বুঝে উঠার আগেই অজ্ঞাত সন্ত্রাসী তাকে অকথ্য ভাষায় গালাগালি ও প্রাণনাশের হুমকি দেয়।

এ ঘটনায় সন্ধ্যায় দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ উদ্দোগ্যে জরুরী বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে হুমকিদাতাকে অবিলম্বে চিহ্নিত পূর্বক গ্রেফতারের দাবী তুলে আলোচনা করেন, দর্শনা প্রেসক্লাবে সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, প্রেসক্লা্◌েবর সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সাংবাদিক সুকমল চন্দ্র দাস বাঁধন প্রমুখ।

বৈঠকে সিদ্ধান্ত মোতাবেক রাতেই দর্শনা থানায় জিডি করেছেন ইকরামুল হক পিপুল।।

মেহেরপুরে ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিলে পুলিশের বাঁধা

নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি, শিক্ষা সিলেবাসে ধর্মীয় সংকোচন বন্ধ, ইসলামী দেশ ও মানবতাবিরোধী মদের বিধিমালা বাতিল, স্বাধীনতার মূল লক্ষ্য-সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার এবং দুর্নীতি সন্ত্রাসমুক্ত কল্যাণরাষ্ট্র গঠন এবং ইসলামী হুকুমত কায়েমের লক্ষ্যে মেহেরপুরে ইসলামী আন্দোলন মেহেরপুর জেলা শাখার উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বের হয়।

সোমবার বিকালের দিকে বিক্ষোভ মিছিলটি কোট মসজিদ থেকে মেহেরপুর পৌরসভা পর্যন্ত যাওয়ার কথা থাকলেও অনুমতি না থাকার কারণে পুলিশ তাদের বাঁধা সৃষ্টি করে ফলে বিক্ষোভ মিছিলটি হোটেল বাজার থেকেই ফিরে যায়।

ইসলামী আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি খাদেমুল ইসলামের সভাপতিত্বে সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম, বাংলাদেশ

মুজাহিদ কমিটির জেলা শাখার সভাপতি মুফতি মাসুদুর রহমান, ইসলামী যুব আন্দোলন মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ মাসুম বিল্লাহ, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলন মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ ইব্রাহিম হোসেন আবির প্রমুখ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে গাঁজা গাছসহ ১ জন গ্রেফতার

ঝিনাইদহের হরিনাকুন্ডু থানার হিঙ্গারপাড়া এলাকা থেকে সতেজ গাঁজা গাছসহ ১ জনকে গ্রেফতার করেছে র্যাব।

সোমবার র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, গত ২৭ মার্চ রাত ৯ টার দিকে র্যাব-৬ এর একটি চৌকস দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু থানার হিঙ্গারপাড়া এলাকায় কতিপয় ব্যক্তি গাঁজার গাছসহ নিজ ফসলের জমিতে অবস্থান করছে।

উক্ত সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি হিঙ্গারপাড়া গ্রামের মোক্তার হোসেনের নিকট লিজ নেওয়া জমিতে চাষকৃত সবজি ক্ষেতের ভিতরে লাগানো সতেজ গাঁজা গাছসহ একই গ্রামের মৃত আবু তালেব মন্ডলের ছেলে আবুল হোসেন মন্ডল (৫০) কে গ্রেপ্তার করে।

এ সময় র্যাব আসামীর হেফাজত হতে ৩ কেজি একশ ৪০ গ্রাম সতেজ গাঁজা গাছ উদ্ধার করে । জব্দকৃত গাঁজা গাছা ও অন্যান্য আলামতসহ গ্রেফতারকৃত আসামীকে হরিনাকুন্ডু থানায় হস্তান্তর করে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে।

ভাটপাড়া ডিসি ইকোপার্কে তিন দিন ব্যাপি সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম বলেছেন, ব্যাস্ততম কোলাহল মূহূর্তগুলো থেকে পরিত্রাণ পেতে আমরা ডিসি ইকোপার্কে আসি। ফলে এই এলাকার বিনোদনের একমাত্র স্থান হয়ে উঠেছে এই ভাটপাড়া ডিসি ইকোপার্কটি।পরিবারে পরিজনদের সাথে নির্মল কিছু সময় কাটানোর জন্য এখানে আসেন এলাকার বিনোদন প্রিয় মানুষ।

মহান স্বাধীনতা দিবস ও বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে গাংনীর ভাটপাড়া ইকোপার্ক ব্যবসায়ী সমিতির উদ্যোগে ৩ দিন ব্যাপি সাংস্কৃতিক অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষে এসব কথা বলেন তিনি।

আজ সোমবার (২৮ মার্চ) বেলা তিন টার দিকে ভাটপাড়া ডিসি ইকোপার্ক প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে এ সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন সহকারী কমিশনার (ভূমি)নাজমুল আলম।

বীর মুক্তিযোদ্ধ পাতান আলী শেখের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) প্রকৌশলী নিরঞ্জন চক্রবর্তি, গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ নন্দী।

ইকোপর্ক ব্যবসায়ী সমিতির সভাপতি সাংবাদিক আক্তারুজ্জামান সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মশিউর রহমান, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য (মেম্বর) নজরুল ইসলাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে নাজমুল আলম আরও বলেন, পার্কটি সুন্দর রাখা এবং সচল রাখা এলাকাবাসির যেমন দায়ীত্ব। পার্কটির উন্নয়ন এবং ভাল কিছু করার জন্য সরকারী কর্মকর্তা, কর্মচারীরাও সব সময় চেষ্টা করে যাচ্ছেন।পার্কটির উন্নয়ন সাধণের জন্য সরকারীভাবে অগ্রাধিকার দিয়ে কাজ করে যাচ্ছে।

তিনি আরও বলেন দীর্ঘদিন সরকারীভাবে ভূমিকা না থাকায় এই ভাটপাড়া নীলকুঠিটি এককালে অপরাধীদের আশ্রয়স্থল ও মাদকাসক্তদের আশ্রয়াস্থল হয়ে উঠেছিল।জেলা প্রশাসন উদ্যোগ নিয়ে এটি পার্কে রুপান্তর করাই শুধু জেলার মানুষ নয় , আশ পাশের জেলার বিনোদন প্রিয় মানুষজনও এখানে আসছেন।

পর্যটকরা এখানে আসার ফলে এই এলাকা অর্থনৈতিকভাবেও লাভবান হচ্ছে। অর্থনৈতিকভাবে লাভবান হওয়ায় এই এলাকার মুনষের জীবন যাত্রার উন্নয়ন হচ্ছে।পার্কটি টিকিয়ে রাখা এবং এর আরো উত্তোরোত্তর উন্নতি করা সকলের দায়ীত্ব।তিনি বলেছেন পার্কের খুদ্র ব্যবসায়ীদের প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ দেওয়া শুরু হয়েছে।এছাড়া বাউন্ডারী ওয়ালসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়েছে।

গাংনীতে পাট চাষীদের নিয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত

গাংনী উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাট বীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় উপজেলার পাটচাষী নিয়ে দিনব্যাপি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ মার্চ) সকাল সাড়ে ১০ টার সময় গাংনী উপজেলা সভাকক্ষে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন ও পাট উন্নয়ন কর্মকতার্র কার্যালয়ের আয়োজনে উপজেলার ৫০ পাট চাষী এ প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেন।প্রশিক্ষণ কর্মশালা উপক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতিত্বে করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলম।

সভায় প্রধান অতিথি হিসাবে প্রশিক্ষণ কর্মসূচীর শুভ উদ্বোধন করেন, গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন।বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা পাট উন্নয়ন কর্মকতার্ হারুণর রশীদ প্রমুখ।

প্রশিক্ষণ কর্মশালায় গাংনী উপ সহকারী পাট উন্নয়ন কর্মকতার্

মেহেদী হাসানের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, বিভিন্ন গ্রাম থেকে আগত পাট চাষীবৃন্দ। প্রশিক্ষণে ৫০ জন চাষী প্রশিক্ষণণে অংশগ্রহণ করেন।

আলমডাঙ্গায় মাদক সেবীর ৬ মাসের কারাদণ্ড

আলমডাঙ্গার আনন্দধামে গাঁজা সেবনের দায়ে সোহেল নামের এক যুবককে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুর তিনটার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর এ আদালত পরিচালনা করেন। সোহেল রানা আলমডাঙ্গা পৌর এলাকার মকবুল হোসেনের ছেলে।

আদালত সূত্রে জানাযায়, সোহেল দীর্ঘদিন যাবৎ গাঁজা ও ব্লুপোরোফাইন ইঞ্জেকশনের মাধ্যমে নেশাদ্রব্য সেবন করে আসছিলো। নেশাগ্রস্ত অবস্থায় সে পরিবারের লোকজনকে মারপিট করতো। এমন অভিযোগে ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ সোহেলকে তার নিজ বাড়ি থেকে গাঁজা ও ব্লুপোরোফাইন ইঞ্জেকশনসহ তাকে আটক করে।

পরে, আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর আনন্দধাম সোহেলের বাড়িতে উপস্থিত হয়ে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নূর জানান, সে দীর্ঘদিন মাদক সেবন করে আসছিলো। সোমবার দুপুরে আদালতে মাধ্যমে তাকে ৬ মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে।

‘মুজিবনগর বিশ্ববিদ্যালয়’র অনুমোদন মন্ত্রীসভায়

মুজিবনগর বিশ্ববিদ্যালয়’ নামে একটি সরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে মেহেরপুরে। ‘মুজিবনগর বিশ্ববিদ্যালয়’ স্থাপনে আইনের খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বিষয়টি নিশ্চিত করেছেন সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম।

সোমবার মন্ত্রিসভার বৈঠকে ‘মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর আইন-২০২২’-এর খসড়ায় নীতিগত অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সচিবালয়ে মন্ত্রিপরিষদসচিব খন্দকার আনোয়ারুল ইসলাম সাংবাদিকদের ব্রিফ করে জানান, অন্যান্য বিশ্ববিদ্যালয় আইনের মতো করেই নতুন আইনটি করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের আচার্য হবেন রাষ্ট্রপতি। চার বছরের জন্য একজন উপাচার্য এবং দুজন উপ-উপাচার্য নিয়োগ দেওয়া হবে।

তিনি বলেন, ‘এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা চাইলে প্রফেশনাল কোর্স করতে পারবে। ডিপ্লোমা সার্টিফিকেটসহ যেসব কোর্সের চাহিদা বেশি থাকবে সেসব কোর্স করাতে পারবে। ’

কোটচাঁদপুরে শিক্ষা অফিসারের স্ত্রী সহঃ শিক্ষিকার বিরুদ্ধে শিক্ষার্থীকে মারপিটের অভিযোগ

ঝিনাইদহের কোটচাঁদপুর আব্দুর রাজ্জাক খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহঃ শিক্ষিকা নন্দিতা রানীর বিরুদ্ধে ৫ম শ্রেণীর শিক্ষার্থী সুমাইয়া খাতুন (১০) নামে এক শিক্ষার্থীকে মারপিটের অভিযোগ উঠেছে। অভিযুক্ত শিক্ষিকা একই উপজেলার সহকারি শিক্ষা

অফিসার বলরাম সাহার স্ত্রী।

গত ২০ মার্চ রবিবার উপজেলার কুশনা ইউনিয়নের গালিমপুর গ্রামের আব্দুর রাজ্জাক খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে। এতে ওই শিক্ষার্থী অসুস্থ্য হয়ে পড়লে এ ঘটনার সুষ্ট বিচার চেয়ে মেয়েকে নিয়ে দারে দারে ঘুরছেন নির্যাতিতা ওই শিক্ষার্থীর দিন মজুর মা জেসমিন খাতুন।

তিনি অভিযোগ করে বলেন, ২০ মার্চ রোববার আব্দুর রাজ্জাক খান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর শিক্ষার্থী সুমাইয়া খাতুন প্রতিদিনের ন্যায় বিদ্যালয়ে যায়। ঘটনার দিন বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ের শিক্ষিকা নন্দিতা রাণী তার পুত্র সন্তানকে নিয়ে ক্লাসের কার্যক্রম চালাচ্ছিল। ছেলে বিরক্ত করার এক পর্যায়ে তিনি রাগান্বিত হয়ে পড়েন। এবং পড়া না পারার অযুহাতে আমার কন্যাকে বেদম প্রহার করেন।

এসময় সে অচেতন হয়ে পড়লে সহপাঠি সহ অন্যান্য শিক্ষিকারা ছুটে আসেন। সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। পরবর্তিতে আমার মেয়েকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসকের নিকট নিয়ে যায়। বর্তমানে আমার মেয়ে ব্যাথা ও জ্বরে ভুগছে। জেসমিন খাতুন জানান, আমি গরিব হওয়ায় ধার দেনা করে আমার মেয়ের চিকিৎসা করেছি। এরই মধ্যে ২ হাজারের বেশি টাকা খরচ হয়ে গেছে। পরবর্তিতে আমি ওই শিক্ষিকার নিকট আমার মেয়ের চিকিৎসার খরচের বিষয়ে বলতে গেলে তিনি আমাকে হুমকি দিয়ে বলে আমার স্বামী উপজেলা শিক্ষা অফিসার। আপনি আমার কিছুই করতে পারবেন না। এসময় তিনি হুমকি দিয়ে বলেন, কিছু দিনের মধ্যেই আমি অন্যত্র চলে যাব। তাই আমি ইচ্ছামত যাকে খুশি তাকে মারব।
ঘটনার বিষযে অভিযুক্ত শিক্ষিকা নন্দিতা রাণীর সঙ্গে মুঠোফেনে কথা হলে তিনি প্রথমে অস্বীকার করে বলেন, মারধরের কোন ঘটনা ঘটেনি। পরে তিনি বলেন, ৫ম শ্রেণীর এক শিক্ষার্থীকে বিয়াদবি করার জন্য একটা থাপ্পড় মেরে ছিলাম। পরবতির্তে বিষয়টি নিয়ে তার অভিভাবকের সঙ্গে কথা বলে শিক্ষা অফিসে মিটমাট হয়েছে। এবং তাকে কিছু টাকা দেওয়া হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসরিন নাহার জানান, মারধরের ঘটনা ঘটেছে। আমি ক্লাস রুমে গিয়ে দেখি ওই বাচ্চা কান্না-কাটি করছে। পরে বাচ্চাটিকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। এসময় তিনি বলেন, নন্দিতা ম্যাডামের বিরুদ্ধে অভিযোগের কোন শেষ নেই। তিনি আমার সঙ্গেও খারাপ আচরণ করেন। এমনকি বিদ্যালয়ের অন্য দুই শিক্ষিকা রেশমা খাতুন ও সোনিয়া খাতুনের সঙ্গে তার কথা হয়না।

বিদ্যালয়ের সভাপতি সামছুন্নাহার বলেন, শিক্ষার্থীকে মারপিটের ঘটনায় বিষয়টি মীমাংশা করা হয়েছে। ক্ষতিপূরণের বিষয়ে জানতে চায়লে তিনি বলেন, ঐটা কি আপনার জানতে হবে। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অসিত বরণ পাল জানান, ঘটনাটি শুনে আমি ঘটনাস্থলে গিয়েছিলাম। বিষযটি মীমাংশা করা হয়েছে। এসময় তিনি বলেন,অভিযুক্ত শিক্ষিকার বিরুদ্ধে যথেষ্ট প্রমান না থাকায় ব্যবস্থা নেওয়া হয়নি।

আমঝুপিতে সুবাহ’র উদ্যোগে ছাগল পালন প্রশিক্ষণ

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে সুবাহ্ উদ্যোগে ছাগল পালন প্রশিক্ষণ প্রদানের আয়োজন করা হয় ।

সোমবার সকাল ১০ ঘটিকা থেকে দিনব্যাপি সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন এর অর্থায়নে সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার প্রশিক্ষণ কক্ষে অসহায় দরিদ্র মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ছাগল পালন কর্মসূচি উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। সুবাহ্ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক জনাব মঈন-উল- আলমের সভাপতিত্বে প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মোঃ তৌহিদুল ইসলাম, আরো উপস্থিত ছিলেন ন্যাশনাল এগ্রিকালচার এণ্ড টেকনোলজি প্রোগ্রাম উপজেলা প্রাণীসম্পদ দপ্তর মেহেরপুর সদর মোঃ আমজাদ হোসেন (সিল) । উপকারভোগীদের মধ্যেই থেকে বক্তব্য রাখেন মোছাঃ রশিদা খাতুন, অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রকল্প সমন্বয়কারী মোছাঃ ফরিদা পারভীন।